গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০২.২০১৭-৭২

তারিখঃ ১০ ফাল্গুন ১৪২৪ / ২২ ফেব্রুয়ারি ২০১৮

বিষয়ঃ **সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৩ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত "ছকে" তথ্যসহ আগামী ০১-০৩-২০১৮ খ্রি: তারিখের মধ্যে হার্ডকপি সরাসরি এবং সফট কপি পেনড্রাইভে (Nikosh font ১৩ সাইজে) প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি :সভার কার্যবিবরণী।

২২.০২.১৮
(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোন:+৮৮০ ৪৭১২৪৩৫৯
admin3@ssd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৪। যুগ্মসচিব ..................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। উপসচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব ..................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১০। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা ,সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১১। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ।
১২। সহকারী সচিব.................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

## সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন অধিদপ্তরসমূহের জানুয়ারি ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতিঃ ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
তারিখ ও সময়ঃ ১৩ ফেব্রুয়ারি, ২০১৮, বেলা- ১১.০০ টায়
স্থানঃ সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ডিসেম্বর' ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা নিশ্চিত করা হয়। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)কে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার অনুরোধ করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয়ের ওপর অনুষ্ঠিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:

২.১। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক, সভায় অনুপস্থিত থাকায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সংশ্লিষ্ট চলমান কার্যক্রম এবং বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা করা সম্ভব হয়নি। ভবিষ্যতে মন্ত্রণালয়ে অনুষ্ঠেয় সভাসমূহে যথা সময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয় এবং ভবিষ্যতের জন্য সতর্ক করা হয়।**

| | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | |
|---|---|---|---|
| ২.১ | গত সভার (ডিসেম্বর ২০১৭) কার্যবিবরণী নিশ্চিতকরণ | ডিসেম্বর ২০১৭ মাসের সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা নিশ্চিত করা হয়। | |

| নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.২ | **মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি :** | |
| | **ই- টেন্ডারিং :**<br>**বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরঃ** চলতি অর্থ বছর হতে ক্রয় কার্যক্রমে ই-টেন্ডারিং পদ্ধতি চালু করা হয়েছে।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** কোন টেন্ডার আহবান করা হয়নি<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** পানিবাহী গাড়ী (১৮০০ লিটার) ০৩টি, টোয়িং ভিহিক্যাল (পিক-আপ টাইপ) ০৩টি, ডেলিভারী হোজ উইথ কাপলিং-৪১১টি ।<br>**কারা অধিদপ্তরঃ** কোন টেন্ডার আহবান করা হয়নি।<br>**সুরক্ষা সেবা বিভাগ :** ১০টি প্যাকেজ ইজিপিতে ক্রয়ের জন্য চূড়ান্ত পর্যায়ে রয়েছে। টিওএন্ডই অনুমোদিত হলে ক্রয়ের ব্যবস্থা নেয়া হবে। | • যে সকল বিভাগ/সংস্থায় ই-টেন্ডারিং কার্যক্রম এখনও শুরু করেনি সে সকল দপ্তর/সংস্থা কর্তৃক অবিলম্বে ই-টেন্ডারিং কার্যক্রম আরম্ভ করা;<br>• সুরক্ষা সেবা বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তরে ২০১৭-১৮ অর্থ বছরের শুরু থেকে শতভাগ ক্রয় ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করা;<br>• ই-টেন্ডারিং এর প্যাকেজ প্রস্তুতকালে পন্যের ধরণ অনুযায়ী পৃথক পৃথক প্যাকেজ প্রস্তুত করা;<br>• ই-জিপিতে বিবেচ্যমাসে ক্রয়কৃত পণ্যের নাম ও প্যাকেজের সংখ্যা উল্লেখপূর্বক পরবর্তী সভায় তার তথ্য ছকে উপস্থাপন করা;<br>• সংশ্লিষ্ট উইং প্রধান কর্তৃক সকল দপ্তরে ই-টেন্ডারিং কার্যক্রম বাস্তবায়ন যথাযথভাবে তদারকি করা।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধানগণ/ উপসচিব (প্রশাসন-২ অধিশাখা) |

| | | |
|---|---|---|
| ২.৩ | • **বাংলাদেশ এবং ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/ সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদনঃ** ১০ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদিত হয়। চুক্তিটি স্বাক্ষরের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০৪-০৩-২০১৪ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে। গত ০৮-০২-২০১৫ তারিখে, ১৯-০৮-২০১৫ তারিখে ও ২৬-০২-২০১৭ তারিখে তাগিদপত্র দেয়া হয়েছে। তৎপ্রেক্ষিতে গত ১৭-০৮-২০১৭ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয় জানায় যে, ব্রাজিল সরকারের পক্ষ থেকে চুক্তির উপর কোন মতামত এখনও পাওয়া যায়নি। বিভিন্ন দ্বিপাক্ষিক বৈঠকে ব্রাজিলীয় সরকারের জ্ঞাতার্থে এ প্রসঙ্গটি উত্থাপিত হলে বিষয়টি তাঁদের সক্রিয় বিবেচনায় আছে মর্মে পররাষ্ট্র মন্ত্রণালয় হতে অবহিত করা হয়। ০৯-১০-২০১৭, ১৬-১১-২০১৭ এবং ৩০-০১-২০১৮ তারিখে চুক্তি স্বাক্ষরের বিষয়ে সর্বশেষ অগ্রগতি এ বিভাগ-কে অবহিত করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে পুনরায় স্মরণিকাপত্র দেয়া হয়।<br>• **বাংলাদেশ এবং সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদনঃ** ০৫ মে, ২০১৪ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদিত হয়। চুক্তিটি স্বাক্ষরের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ১৬ জুন ২০১৪ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখে সংশোধনকৃত বাংলায় অনুবাদ করা ভেটিংকৃত কপি পুনরায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ১৬ নভেম্বর, ২০১৭ এবং ৩০ জানুয়ারি, ২০১৮ তারিখে চুক্তি স্বাক্ষরের বিষয়ে সর্বশেষ অগ্রগতি এ বিভাগ-কে অবহিত করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে পুনরায় স্মরণিকাপত্র দেয়া হয়। | • পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রে স্বাক্ষরের বিষয়টি ত্বরান্বিত করা;<br>• জনাব মোঃ হেলাল উদ্দিন, অতিরিক্ত সচিব(বহির পাসপোর্ট) কর্তৃক সার্বিক কার্যক্রম মনিটরিং করা;<br>• সংশ্লিষ্ট অঞ্চলভিত্তিক মহাপরিচালক বরাবরে ত্বরান্বিতকরণের জন্য পত্র প্রেরণ করা।<br><br><u>বাস্তবায়নে :</u> নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ। |
| | • **জেল কোড সংশোধন :** The Prisoner`s Act ও জেল কোড সংশোধনের বিষয়ে মাননীয় আইন মন্ত্রীর সভাপতিত্বে ১৭-০৮-২০১৭ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। এ সভায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সিনিয়র সচিবের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়। ১০-০৯-২০১৭ তারিখে অনুষ্ঠিত এ কমিটির প্রথম সভায় The Prisoner`s Act ও Jail Code এর সংশোধিত খসড়া প্রণয়নের লক্ষ্যে ২টি উপকমিটি গঠন করা হয়। কারা অধিদপ্তর মোট ১০টি অধ্যায়ে ১৫২ টি ধারা সন্নিবেশিত করে নতুন কারা আইনের প্রাথমিক খসড়া তৈরি করেছে। প্রাথমিক খসড়ার ১৫২ টি ধারার মধ্যে অদ্যাবধি ৯০ ধারা পর্যন্ত উপকমিটি কর্তৃক পর্যালোচনা সম্পন্ন হয়েছে। | • আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে ব্যক্তিগ যোগাযোগ করে ভেটিং এর বিষয়টি ত্বরান্বিত করা;<br>• জেল কোড সংশোধনের নিমিত্ত ভেটিং এর বিষয়ে বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পুনরায় স্মরণপ. করা, এ বিষয়ে জনাব মোঃ মহিবুল হক, অ সচিব(কারা) প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br><br>বাস্তবায়নে : কারা অনুবিভাগ। |

- **নাগরিকত্ব আইন, ২০১৬:** বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৫-এর চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের নিমিত্ত প্রেরণ করা হলে গত ০১-০২-২০১৬ তারিখে মন্ত্রিসভা বৈঠকে প্রস্তাবিত আইনের কিছু ধারা-উপধারায় সংশোধনী আনয়ন সাপেক্ষে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে প্রস্তাবিত আইন ভেটিং এর জন্য গত ২৮-০৩-২০১৬ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বিগত ০২-০৮-২০১৭ তারিখে প্রস্তাবিত বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৫ এর বিষয়ে সচিব, সুরক্ষা সেবা বিভাগ; সিনিয়র সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দসহ সভায় অংশগ্রহণ করেছেন। ভেটিং শেষে খসড়া আইনটি এখনও আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে ফেরত পাওয়া যায়নি।

২.৩ **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :**

- বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির ফোকাল কর্মকর্তা কর্তৃক বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করা;
- অর্জিত সফলতার জন্য সন্তোষ প্রকাশ ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব প্রদীপ রঞ্জণ চক্রবর্তী, অতিরিক্ত সচিব(অগ্নি) অনুবিভাগসহ সংশ্লিষ্ট সকলকে সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করেন;
- অধিদপ্তর/সংস্থা প্রধানগণ কর্তৃক অধস্তন অফিসের বাস্তবায়ন অগ্রগতি Follow Up করে সুরক্ষা সেবা বিভাগে প্রতিবেদন প্রেরণ করা;
- আগামীতেও বার্ষিক কর্মসম্পাদন চুক্তির শতভাগ বাস্তবায়ন করে লক্ষ্যমাত্রা অর্জন করা;
- ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন কার্যক্রম তদারকি করা।

সিদ্ধান্ত:

- বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির ফোকাল কর্মকর্তা কর্তৃক বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করা;
- অধিদপ্তর/সংস্থা প্রধানগণ কর্তৃক অধস্তন অফিসের বাস্তবায়ন অগ্রগতি Follow Up করে সুরক্ষা সেবা বিভাগে প্রতিবেদন প্রেরণ করা;
- আগামীতেও বার্ষিক কর্মসম্পাদন চুক্তির শতভাগ বাস্তবায়ন করে লক্ষ্যমাত্রা অর্জন করা;
- ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন কার্যক্রম তদারকি করা।

<u>বাস্তবায়নে :</u> অতিরিক্ত সচিব (অগ্নি)/বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ফোকাল কর্মকর্তা/যুগ্মসচিব (প্রশাসন)।

২.৪ <u>সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের জনবল সংক্রান্ত থ্যাদি:</u>

| মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর (মোট পদ সংখ্যা) | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| সুরক্ষা সেবা বিভাগ | ২৬০ | ১৬৮ | ৯৪ |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর : ২৮ জন ৩য় শ্রেণির এবং ০১ জন ৪র্থ শ্রেণির নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। | ১১৮৪ | ১০৪৯ | ১১২ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর : সহকারী পরিচালক-এর ১০ টি পদে নিয়োগের জন্য ১০-১২-২০১৭ তারিখে ও প্রসিকিউটর-এর ০৪টি পদে নিয়োগের জন্য ০৯-১০-২০১৭ তারিখে পাবলিক সার্ভিস কমিশনে অধিযাচন প্রেরণ করা হয়েছে এবং ৩য় ও ৪র্থ শ্রেণির ২৪২টি শূন্য পদে লোক নিয়োগের বিজ্ঞপ্তি গত ২৭-১২-২০১৭ তারিখে পত্রিকায় প্রকাশ করা হয়েছে। | ১৭০৬ | ১১৭৭ | ৫২৯ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ৯২০৩ | ৭৭২৬ | ১৪৭৭ |

সিদ্ধান্ত:

- নতুন পদ সৃষ্টির বিষয়ে অনুমোদন ও ছাড়পত্র প্রদান করা;
- শূন্যপদে লোক নিয়োগের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা;
- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ড্রাইভার পদে নতুন নিয়োগের ক্ষেত্রে হেভি লাইসেন্স এর শর্ত শিথিল করে হালকা/মাঝারি লাইসেন্সধারীদের নিয়োগের অনুমতি দানের জন্য সংশ্লিষ্ট অনুবিভাগ কর্তৃক জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা।

<u>বাস্তবায়নে :</u> প্রশাসন ও অর্থ অনুবিভাগ/বহিরাগমন ও পাসপোর্ট অনুবিভাগ/অগ্নি অনুবিভাগ।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | কারা অধিদপ্তর :<br>২২৮টি শূন্য পদে লোক নিয়োগের জন্য বিজ্ঞপ্তি গত ০৩-১০-২০১৭ তারিখে পত্রিকায় প্রকাশ করা হয়েছে। অবশিষ্ট শূন্য পদ পুরণের কার্যক্রম চলমান রয়েছে। | ১২,১৭৩ | ৯,৬৪১ | ২৫৩২ | |
| | মোট = | ২৪৫২৬ | ১৯৭৬১ | ৪৭৪৮ | |

২.৫ অডিটঃ

ক. অডিট আপত্তি নিষ্পত্তি (ব্রডশীট জবাব প্রদানের মাধ্যমে) :

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | ব্রডশীট জবাবের মাধ্যমে নিষ্পত্তি | মোট নিষ্পত্তির সংখ্যা | নিষ্পত্তিকৃত টাকার পরিমাণ | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ৪৬ | ২টি | ২টি | ১,৬৮,০০০/- | ৪৪ | |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১৩৩ | ৫টি | ৫টি | ১৩,৭৫,৩৭৫/- | ১২৮ | |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| কারা অধিদপ্তর | ৩৪১ | ০০ | ২০ টি | ৭৩,৭১,৭৬৭/- | ৩২১ | |
| মোট | ৫২০ | ৭ টি | ২৭টি | ৮৯১৫১৪২/- | ৪৯৩ | |

সিদ্ধান্তসমূহ :

- জনাব মোহাম্মদ আজহারুল হক, অতিরিক্ত সচিব(বহিরাগমন) কর্তৃক অডিট অধিদপ্তরে প্রেরিত আপত্তিসমূহের নিষ্পত্তি আদেশ দ্রুত জারী করণের জন্য অডিট অধিদপ্তরের মহাপরিচালক এবং পরিচালক এর সাথে ব্যক্তিগত যোগাযোগ করা;
- কোন আপত্তির সময়মত বস্তুনিষ্ট জবাব প্রেরণ না করার কারণে সাধারণ আপত্তি যেন অগ্রিম আপত্তিতে রূপান্তরিত না হয় সে জন্য সথাসময়ে প্রমানকসহ জবাব দেয়া এবং তৎপর থাকা;
- অধিদপ্তর/সংস্থাওয়ারী অডিটের শ্রেণি বিন্যাস অনুযায়ী সাধারণ, অগ্রিম, খসড়া ও সংকলন আপত্তির পৃথক পৃথক হিসাব সমন্বয় সভায় উপস্থাপন করা;
- আগামী সভার পূর্বেই ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে নিয়ে সভা করা;
- দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার সংখ্যা, নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অনুচ্ছেদ সংখ্যা, অডিট অধিদপ্তর কর্তৃক নিষ্পত্তিকৃত অনুচ্ছেদ সংখ্যা ইত্যাদি ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক ছকে উপস্থাপন করা;
- অধিদপ্তরের ফোকাল কর্মকর্তা কর্তৃক যথাসময়ে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার সকল প্রমাণকসহ কার্যপত্র যথাসময়ে প্রস্তুত নিশ্চিত করা;
- অধিদপ্তর সংশ্লিষ্ট অডিট ফোকাল কর্মকর্তা অধিদপ্তর এবং অডিট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে প্রতিমাসে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার আয়োজন করা;
- দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভায় গৃহীত সুপারিশ বাস্তবায়নের জন্য অডিট দপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখা;
- রাজস্ব খাতে ব্যয়িত অর্থের উপর উত্থাপিত আপত্তির জবাব সংশ্লিষ্ট অনুবিভাগ কর্তৃক উপস্থাপন এবং সিদ্ধান্ত প্রদান;
- সার্বিক কার্যক্রমটি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) কর্তৃক সমন্বয় করা।

বাস্তবায়নে : সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিদপ্তর প্রধান/জনাব মোহাম্মদ আজহারুল হক, অতিরিক্ত সচিব (বহিরাগমন)/ফোকাল কর্মকর্তা।

২.৬ পেনশনঃ

**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরঃ** বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে কোন পেন্ডিং পেনশন কেইস নাই।

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা গোয়েন্দা অঞ্চলের প্রাক্তন উপ-পরিদর্শক মরহুম বেলায়েত হোসেন এর পারিবারিক পেনশন অনিষ্পন্ন রয়েছে।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৩টি পেনশন কেইস অনিষ্পন্ন রয়েছে। ০৩ টি অনিষ্পন্ন পেনশন কেইস এর মধ্যে ০১ টিতে অভিভাবক মনোনীত না থাকার কারণে, ০১ টিতে ২য় স্ত্রী থাকায় কোর্ট হতে সাকসেশন সার্টিফিকেট সংগ্রহ করে প্রেরণ না করার কারণে এবং ১টিতে গৃহ

- সংশ্লিষ্ট বিভাগসমূহ কর্তৃক পেনশন কেইস দ্রুততার সাথে নিষ্পত্তি করা;
- সংশ্লিষ্ট অধিশাখা/শাখা কর্তৃক পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে মনিটরিং করা।

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ

নির্মাণ অগ্রিম ও সুদ মওকুফ না হওয়ার কারণে নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না। বর্ণিত কাগজ পত্র সংগ্রহের কাজ চলমান আছে। কাগজ পত্র প্রাপ্তির পর প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ করা হবে।

**কারা অধিদপ্তরঃ** অবসরপ্রাপ্ত কারা তত্ত্বাবধায়ক জনাব শেখ আবদুল অমিক এর কারা উপ-মহাপরিদর্শক পদে ভূতাপেক্ষ পদোন্নতির কারণে লাম্পগ্র্যান্ট ও আনুতোষিক পুনঃ নির্ধারণ করে ৩০-৪-২০১৭ তারিখে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে অদ্যাবধি কোন সিদ্ধান্ত পাওয়া যায়নি।

২.৭

- পরিদর্শন :
- বিবেচ্য মাসে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের কোন কর্মকর্তা কর্তৃক পরিদর্শন করা হয়নি।
- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কোন কর্মকর্তা কর্তৃক পরিদর্শন করা হয়নি।
- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আলী আহাম্মেদ খান, পিএসসি (অবঃ)বিবেচ্য মাসের ২৬-০১-২০১৮ তারিখে ঢাকা জেলার সাভার ও ধামরাই ফায়ার স্টেশন এবং ০১ ও ০২ জানুয়ারি, ২০১৮, ১০ হতে ১২ জানুয়ারি ২০১৮ হবিগঞ্জ জেলার শায়েস্তাগঞ্জ; মৌলভীবাজার জেলার মৌলভীবাজার, শ্রীমঙ্গল, কুলাউড়া, বড়লেখা ফায়ার স্টেশন; বগুড়া জেলা ফায়ার স্টেশন; গাউবান্ধা জেলা ফায়ার স্টেশন; উপপরিচালক ও সহকারী পরিচালকের দপ্তর, রংপুর ফায়ার স্টেশন পরিদর্শন করেছেন। এছাড়া বর্ণিত অধিদপ্তরের পরিচালক(পঃউঃপ্রঃ) লেঃ কর্ণেল এস,এম জুলফিকার রহমান, বিএসপি,পিএসসি,ইঞ্জিনিয়ার্স ০৯ হতে ১১ জানুয়ারি ২০১৮ তারিখে হবিগঞ্জ জেলার শায়েস্তাগঞ্জ; মৌলভীবাজার জেলার মৌলভীবাজার, শ্রীমঙ্গল, কুলাউড়া, বড়লেখা ফায়ার স্টেশন এবং ২৫ জানুয়ারি ২০১৮ তারিখে উপ-পরিচালক ও সহকারী পরিচালকের দপ্তর, বরিশাল ফায়ার স্টেশন পরিদর্শন করেন। ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ ইফতেখার উদ্দীন, কারা মহাপরিদর্শক ০৫ জানুয়ারি ২০১৮ চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার, রাঙ্গামাটি জেলা কারাগার, ১৪ জানুয়ারি ২০১৮ কাশিমপুর কেন্দ্রীয় কারাগার, ২৩ জানুয়ারি ২০১৮ তারিখ কিশোরগঞ্জ জেলা কারাগার পরিদর্শন করেন। মোঃ ইকবাল হাসান,বিজিবিএম, অতিরিক্ত কারা মহাপরিদর্শক ১৩ হতে ১৫ জানুয়ারি ২০১৮ তারিখ কাশিমপুর কেন্দ্রীয় কারাগার পরিদর্শন করেন।
- কারা অধিদপ্তরের কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ ইফতেখার উদ্দীন ১৩ হতে ১৫ জানুয়ারি ২০১৮ কাশিমপুর কেন্দ্রীয় কারাগার পরিদর্শন করেন।

সিদ্ধান্তসমূহ :

- অধিদপ্তরসমূহের চলমান উন্নয়ন প্রকল্প এবং মাঠ পর্যায়ের অফিসসমূহের কার্যক্রম মনিটর করা, সমস্যা চিহ্নিত করা এবং সমস্যা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে উর্দ্ধতন কর্মকর্তাগণ কর্তৃক জেলার চলমান কার্যক্রম ও গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্প নিয়মিত পরিদর্শন করা;
- প্রতিমাসে মহাপরিচালক, পরিচালক ও অন্যান্য যে সকল কর্মকর্তা পরিদর্শন করছেন তার বিবরণ নির্ধারিত ছকে প্রদান করা;
- পরিদর্শনকালে যদি এমন কোন বিষয়/সমস্যা পরিলক্ষিত হয় যা অধিদপ্তর পর্যায়ে নিষ্পত্তিযোগ্য নয়, সেক্ষেত্রে তা প্রতিবেদন আকারে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, সুরক্ষা সেবা বিভাগে প্রেরণপূর্বক সংশ্লিষ্ট অনুবিভাগে এর অনুলিপি প্রেরণ করা;
- পরিদর্শনকারী কর্মকর্তার সুপারিশসমূহের গুরুত্বপূর্ণ অংশ নিয়ে আলাদাভাবে সভার আয়োজন করা।

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ।

২.৮ **অনিষ্পন্ন বিষয়/পত্রাদি :**

**বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরঃ** নির্ধারিত সময়ের মধ্যে অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির কার্যক্রম গ্রহন করা হচ্ছে;

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা নেয়া হচ্ছে;

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা নেয়া হচ্ছে;

**কারা অধিদপ্তরঃ** নির্ধারিত সময়ের মধ্যে অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির কার্যক্রম গ্রহন করা হচ্ছে।

- অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট ফোকাল কর্মকর্তাগণ কর্তৃক সুরক্ষা সেবা বিভাগের অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রত নিষ্পত্তি করা।

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) / প্রশাসন ও অর্থ অনুবিভাগ

২.৯ **প্রশিক্ষণ :**

**(ক) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :**

| কর্মকর্তা/ কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | ক্রমপুঞ্জিত প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | কর্মকর্তা/ কর্মচারী প্রতি প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| ১ম শ্রেণি | ৮১ | ৭৯৪ ঘন্টা | ১০ ঘন্টা |
| ২য় শ্রেণি | ৩১ | ১৫২ ঘন্টা | ৫ ঘন্টা |
| ৩য় শ্রেণি | ৬৩৯ | ৬৩৯ ঘন্টা | ১২ ঘন্টা |
| ৪র্থ শ্রেণি | ২৯৭ | ১৯৫ ঘন্টা | ০.৬৫ ঘন্টা |

- Training Need Assess করে ২০১৭-১৮ অর্থ বছরের কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক ৬০ ঘন্টার প্রশিক্ষণ সমাপ্ত করা;
- প্রশিক্ষণ মডিউলে APA ও NIS কে অন্তর্ভুক্ত রাখা;
- কর্মকর্তা/কর্মচারী প্রতি ৬০ ঘন্টার প্রশিক্ষণের মধ্যে ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ঘন্টা ও অবশিষ্ট প্রশিক্ষণ ঘন্টার পরিসংখ্যান মোট কর্মকর্তা/কর্মচারীওয়াইজ সভায় উপস্থাপন করা;
- জনাব শিরীন রুবী,উপসচিব(কারা) কর্তৃক অধিদপ্তরসমূহের

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :

| | | | |
|---|---|---|---|
| ১ম শ্রেণি | ১৫৯ | ৩৩০০ ঘন্টা | ২০.৭৫ ঘন্টা |
| ২য় শ্রেণি | ১৭১ | ১২৪৮ ঘন্টা | ৭.২৯ঘন্টা |
| ৩য় শ্রেণি | ১০৩৩ | ৫৬৮ ঘন্টা | ০.৫৪ ঘন্টা |
| ৪র্থ শ্রেণি | ৩৪৩ | ০০ | ০০ |

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :

| কর্মকর্তা/ কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | ক্রমপুঞ্জিত প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | কর্মকর্তা/ কর্মচারী প্রতি প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) |
|---|---|---|---|
| ১ম শ্রেণি | ৩৪ | ৬৪০ | ১৮.৮২ |
| ২য় শ্রেণি | ৩৬০ | ১৩২০২ | ৩৬.৬৭ |
| ৩য় শ্রেণি | ১৮৩৪ | ৮৪৩৪৮ | ৪৫.৯৯ |
| ৪র্থ শ্রেণি | ৫৪৭১ | ১৭৩৪৭২ | ৩১.৭১ |

কারা অধিদপ্তর :

| | | | |
|---|---|---|---|
| ১ম শ্রেণি | ১৩৩ | ৪৬৫ | ৩৫. |
| ২য় শ্রেণি | ১৭৬ | ৬১৬০ | ৩৫. |
| ৩য় শ্রেণি (সিভিল) | ৩৯৮ | ১৩,৯৩০ | ৩৫. |
| ৩য় শ্রেণি (ইউনিফর্ম) | ২৩ | ৮০৫ | ৩৫. |
| ৪র্থ শ্রেণি | ১৩৩ | ৪৬৫ | ৩৫. |

সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে আলোচনা করে কর্মকর্তা/কর্মচারী প্রতি প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) প্রস্তুতে সহায়তা করা;

- জনাব মোহাম্মদ আবদুল হাই মিলটন, সিনিয়র সহকারী সচিব /মোহাম্মদ মাসুদুর রহমান ভূইয়া, উপসচিব(নিরাঃ)কর্তৃক অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে ই-ফাইলিং বিষয়ে আগামী সভার পূর্বেই প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা।

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/ প্রশাসন ও অর্থ অনুবিভাগ/জনাব শিরীন রুবী,উপসচিব(কারা)

২.১০ ই-ফাইলিং :

- ই-ফাইলিং বাস্তবায়নের জন্য সকল ধরনের লজিস্টিক সহায়তা দ্রুত প্রদান নিশ্চিত করা;
- রোড ম্যাপ অনুযায়ী ই-ফাইলিং কার্যক্রম পুর্ণাঙ্গরূপে অধিদপ্তরসমূহে শুরু করা;
- সময়ে সময়ে ই-ফাইলিং বাস্তবায়ন কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপন করা;
- ই-ফাইলিং এর বিষয়ে মন্ত্রিপরিষদের সিদ্ধান্তসমূহ দপ্তর/সংস্থাসমূহকে অবহিতকরণপূর্বক দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করা;
- জনাব মোহাম্মদ আবদুল হাই মিলটন, সিনিয়র সহকারী সচিব /মোহাম্মদ মাসুদুর রহমান ভূইয়া, উপসচিব(নিরাঃ)কর্তৃক অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে ই-ফাইলিং বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা;
- সংশ্লিষ্ট উইং প্রধান কর্তৃক ই-ফাইলিং কার্যক্রম তদারকি করা।

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/অনুবিভাগ প্রধান (সকল)

২.১১ ইনোভেশন ও উত্তম চর্চাঃ

- মাসিক সমন্বয় সভায় ইনোভেশন বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক ছকে উপস্থাপন করা;
- সভায় বিভাগ/অধিদপ্তরওয়ারী চলমান ইনোভেশন ও উত্তম চর্চার তালিকা ছকে উপস্থাপন করা।

বাস্তবায়নে : অধিদপ্তর (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ/চীফ ইনোভেশন কর্মকর্তা।

<table>
<tr><td>২.১২</td><td colspan="2">মামলাঃ</td></tr>
<tr><td></td><td>সভায় সুরক্ষা সেবা বিভাগের অধীনস্থ দপ্তরসমূহের মামলার অগ্রগতি নিম্নরূপ
<table>
<tr><th>অধিদপ্তরের নাম</th><th>অনিষ্পন্ন মামলার সংখ্যা</th><th>সর্বশেষ অবস্থা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০৪। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর</td><td>রিট পিটিশন-৪৯টি</td><td>বিচারাধীন</td><td></td></tr>
<tr><td>০৩। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td><td>এটি মামলা-০৩টি<br>এএটি মামলা-০২টি<br>রিট পিটিশন-৪২টি</td><td>বিচারাধীন</td><td></td></tr>
<tr><td>০২। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td><td>এএটি মামলা-০২টি<br>ফৌজদারী মামলা-০২টি<br>দেওয়ানী মামলা-১২টি<br>সিভিল রিভিশন-০১টি<br>রিট পিটিশন-৪৮টি<br>লিভ টু আপীল-০১টি</td><td>বিচারাধীন</td><td></td></tr>
<tr><td>০১। কারা অধিদপ্তর</td><td>এটি মামলা-৪২টি<br>এএটি মামলা-৩২টি<br>রিট মামলা-১১টি<br>লিভ টু আপীল-০৪টি<br>রিভিউ ০১টি</td><td>বিচারাধীন</td><td></td></tr>
</table></td><td>
• বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের গুরুত্বপূর্ণ মামলাসমূহ পরিচালনার জন্য রাষ্ট্রপক্ষের আইন কর্মকর্তার পাশাপাশি ০৫(পাঁচ) জনকে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের জন্য ০৫(পাঁচ) জনকে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জন্য ০২ (দুই) জনকে এবং কারা অধিদপ্তরের জন্য ০৫(পাঁচ) জনকে বেসরকারি আইনজীবী হিসেবে নিয়োগ করার জন্য অনুমোদন পাওয়া গেছে। অনুমোদনপ্রাপ্ত প্যানেল আইনজীবীগণের সাথে দ্রুত চুক্তি সম্পাদনের কার্যক্রম সম্পন্ন করা;<br>
• মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের গুরুত্পূর্ণ মামলাসমূহ পরিচালনার জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে অনুমোদনপ্রাপ্ত ০৫(পাঁচ) জনের মধ্যে অবশিস্ট ০৩ (তিন) জনের অনুকূলে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য ব্যক্তিগত যোগাযোগ করা;<br>
• রাষ্ট্রপক্ষের আইন কর্মকর্তার পাশাপাশি ০৫(পাঁচ) জনকে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের জন্য ০৫(পাঁচ) জনকে, ০২ (দুই) জনকে<br>
• অর্থ জনাব মো: মুহিবুল হক, অতিঃসচিব (কারা) কর্তৃক সংশ্লিষ্ট সকল কর্মকর্তার সমন্বয়ে বিদ্যমান মামলাসমূহের সর্বশেষ অগ্রগতি বিষয়ে পর্যালোচনা সভা করা;<br>
• মামলায় সরকারী স্বার্থ রক্ষা করে নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করা;<br>
• চলমান মামলাসমূহ যথাযথভাবে follow up করা;<br>
• তদবিরের অভাবে কোন মামলা যেন খারিজ না হয় সেদিকে লক্ষ্য রাখা;<br>
• মাসিক সমন্বয় সভায় সংস্থাওয়ারী মামলার অগ্রগতি উপস্থাপন করা;<br>
• শাখা ও অধিশাখা কর্তৃক অধিদপ্তরের মামলাসমূহ মনিটরিং করা;<br>
• প্রত্যেক দপ্তর/সংস্থা থেকে কমপক্ষে ০৩ জন কর্মকর্তাকে এসএফ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের জন্য মনোনয়ন প্রদান করা;<br>
<u>বাস্তবায়নে :</u> অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান /আইন ও শৃঙ্খলা অনুবিভাগ।</td></tr>
<tr><td>২.১৩</td><td colspan="2">বিবিধ :</td></tr>
<tr><td></td><td>১৩.১ কর্মপরিকল্পনা প্রণয়ন :</td><td>১৩.১ সমন্বয় সভায় স্ব স্ব অধিদপ্তর কর্তৃক কর্মপরিকল্পনা উপস্থাপন করা। <u>বাস্তবায়নে :</u> সংশ্লিষ্ট কমিটি</td></tr>
<tr><td></td><td>১৩.২ বিশেষ ব্যবস্থায় কারাগারে গুরুত্পূর্ণ মামলায় সাক্ষ্য গ্রহণের ব্যবস্থা গ্রহণ :</td><td>১৩.২ বিশেষ ব্যবস্থায় কারাগারে Audio-Visual পদ্ধতি স্থাপনের মাধ্যমে গুরুত্পূর্ণ মামলায় সাক্ষ্য গ্রহণের ব্যবস্থা গ্রহণ করা।<br><u>বাস্তবায়নে :</u> কারা অধিদপ্তর/কারা অধিশাখা।</td></tr>
<tr><td></td><td>১৩.৩ কয়েদি/হাজতি হাসপাতালে ভর্তির বিষয়ে জেল কোড অনুযায়ী ব্যবস্থা গ্রহণ :</td><td>১৩.৩ কয়েদি/হাজতিগণের হাসপাতালে চিকিৎসার বিষয়ে একটি নীতিমালা প্রণয়ন এবং নীতিমালার আওতায় সিভিল সার্জন/সরকারি হাসপাতালের চিকিৎসকগণকে যুক্ত করে একটি সুষ্ঠু ব্যবস্থাপনার আওতায় নিয়ে আসার কর্মপরিকল্পনা প্রণয়ন করা।<br><u>বাস্তবায়নে :</u> কারা অধিদপ্তর/কারা অধিশাখা।</td></tr>
<tr><td></td><td>১৩.৪ ভিডিও কনফারেন্স</td><td>১৩.৪ প্রত্যেক মাসে একাধিক ভিডিও কনফারেন্স এর আয়োজন করা।<br><u>বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ অনুবিভাগ (আইসিটি সেল)।</u></td></tr>
</table>

| | | |
|---|---|---|
| | ১৩.৫ তথ্যের গোপনীয়তা রক্ষা করা | ১৩.৫<br>• গোপানীয়ভাবে জারীকৃত সরকারী পত্রের গোপনীয়তা রক্ষা করে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করা;<br>• তথ্যের গোপনীয়তার বিষয়টি মাসিক সভা ও সমন্বয় সভার কার্যপত্রের শুরুতেই অন্তর্ভূক্ত করা। |

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।